

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬১৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাহাজ্জুদ সালাত আদায়কারীর প্রতি নির্দেশ হলো তার সব সালাতের শেষে এক রাকা'আত বিতর সালাত আদায় করবে সুবহে সাদিকের আগে; পরে নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُتَهَجِّدَ إِنَّمَا أُمِرَ أَنْ يُوتِرَ بِرَكْعَةٍ آخِرَ صَلَاتِهِ قَبْلَ الصُّبْحِ لَا بعده

আরবী

2614 _ أَخْبَرَنَا شَبَابُ بْنُ صَالِحٍ _ بِوَاسِطَ _ حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ أَخْبَرَنَا خالدٌ عَنْ خالدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: نَادَى رَجُلٌ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ خَالدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: نَادَى رَجُلٌ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا بَيْنَهُمَا كَيْفَ صَلَلَّةُ اللَّيْلِ؟ فَقَالَ: (مَثْنَى مَثْنَى فَإِذَا خَشِيتَ الصَّبْحَ فَصللِّ وَاحدة وسجدتين قبل الصبح)

الراوي: ابْن عُمَرَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2614 | خلاصة حكم المحدث: شاذ بزيادة السجدتين.

বাংলা

২৬১৪. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ডেকে জিজ্ঞেস করেন, সেসময় আমি তাদের উভয়ের মাঝে ছিলাম, তিনি বলেন, "রাতের সালাত কেমন হবে?" জবাবে তিনি বলেন, "তোমরা দুই রাকা'আত দুই রাকা'আত করে সালাত আদায় করবে, অতঃপর যখন ভোর হয়ে যাওয়ার আশংকা করবে, তখন এক রাকা'আত বিতর সালাত আদায় করবে। আর ভোরের আগে দুই রাকা'আত সালাত আদায় করবে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪০; আবূ দাউদ: ১৪২১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৭৩; সহীহ মুসলিম: ৭৪৯; ইবনু মাজাহ: ১৩২০; সুনান বাইহাকী: ৩/২২; বাগাবী: ৯৫৫; নাসাঈ: ৩/২৩২-২৩৩; তাবারানী: ১৩১৮৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১০৭২।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে বিতরের পর দুই রাকা'আত সালাত পড়ার অংশসহ শায বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৬১৪)

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন